

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (LIUPCP)  
ঢাকা-১০০০

স্মারক নং- ডিএসসিসি/এলআইইউপিপি/প্রশিক্ষণ/০৪(২০০)


তারিখঃ ১৮ অক্টোবর ২০১৯

বিষয়ঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের 'প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন (LIUPC) প্রকল্প'র আওতায় জনসচেতনতা বৃদ্ধির জন্য "বিশ্ব হাত ধোয়া দিবস-২০১৯" উদযাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট আলোচনা সভা ও র্যালি আয়োজন বিষয়ক বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত স্মারক ও বিষয়ের আলোকে অবহিত করা যাচ্ছে যে, ২০০৮ সাল থেকে প্রতি বছর ১৫ অক্টোবর 'বিশ্ব হাত ধোয়া দিবস' উদযাপিত হয়ে থাকে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাধ্যমে বাস্তবায়নাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের 'প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন (LIUPC) প্রকল্প'র আওতায় আগামী ২০ অক্টোবর (রবিবার) ২০১৯ তারিখে সকাল ১০ ঘটিকায় নগর স্তরে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'বিশ্ব হাত ধোয়া দিবস-২০১৯' উদযাপিত হবে। এ বছরের প্রতিপাদ্য বিষয়- 'সকলের হাত পরিচ্ছন্ন থাক'। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য র্যালি ও সংশ্লিষ্ট আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

২। "বিশ্ব হাত ধোয়া দিবস" পালনে র্যালি ও সংশ্লিষ্ট আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় মেয়র, জনাব মোহাম্মদ সাঈদ খোকন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)।

৩। "বিশ্ব হাত ধোয়া দিবস" পালনে র্যালি ও সংশ্লিষ্ট আলোচনা সভার অংশগ্রহণকারী হিসাবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্মানিত সকল কাউন্সিলর ও সকল বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৮/১০/২০১৯

(ডঃ সোহেল ইকবাল)  
টাউন ম্যানেজার  
LIUPCP, DSCC  
মোবাইলঃ ০১৭৬৭ ৭০৩৩৮০

জনাব/বেগম-----  
সম্মানিত কাউন্সিলর  
সাধারণ/সংরক্ষিত ওয়ার্ড নং-

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২. সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩. মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল)-----ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৫. -----, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৬. সিস্টেম এনালিস্ট (ডিএসসিসি'র ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৭. প্রটোকল কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৮. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১/২/৩ ও সাধারণ প্রশাসন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৯. নিরাপত্তা কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১০. অফিস ফাইল।